

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং: উমাশিঅ/বানি/ ৯৫৭

তারিখ: ০৫/০১/২০২২


বিষয়: সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বানিয়াচং উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আগামী ১০/০১/২০২২ ইং, সকাল ১০.০০ ঘটিকায় স্থায়ী কমিটির সভাপতি মহিলা ভাইস চেয়ারম্যান মোছা: হাসিনা আক্তার এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

কমিটির সদস্যবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ

- ১। মহিলা ভাইস চেয়ারম্যান
- ২। চেয়ারম্যান, ২নং বানিয়াচং উত্তর-পশ্চিম ইউপি।
- ৩। চেয়ারম্যান, ৯নং পুকরা ইউপি।
- ৪। চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি।


(মো: কাওছার শোকরানা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
বানিয়াচং, হবিগঞ্জ।

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী:

সভাপতি: জনাব মোছা: হাসিনা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

সভার স্থান: মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ: ১০/০১/২০২২ ইং, সময়: সকাল-১০.০০ মিনিট।

সভার উপস্থিতি পরিশিষ্ট “ক”তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যক্রম ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয়ের আলোচনা শেষে সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানিয়াচং কে উপজেলা সাংস্কৃতিক কর্মকান্ড, উপজেলার শিল্পকলা একাডেমি এবং সাংস্কৃতিক কর্মকান্ডের বিভিন্ন বিষয়ে আলোচনা ও সমস্যা নিয়ে বক্তব্য উপস্থাপনের আহ্বান জানান। মাধ্যমিক শিক্ষা অফিসার নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা করেন:-

১। মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৈশাখী মেলা ও পিঠা উৎসবের আয়োজন করা হয় না। বিভিন্ন প্রতিকূল পরিস্থিতি ও আর্থিক অস্বচ্ছলতার কারণে শিক্ষা প্রতিষ্ঠান গুলো এ ধরনের অনুষ্ঠানের আয়োজন করে না। মাধ্যমিক শিক্ষা অফিসার প্রস্তাব করেন যে, উপজেলা সদরসহ পুরাতন প্রতিষ্ঠান গুলোতে উপজেলা পরিষদের অর্থায়নে পিঠা উৎসব ও পিঠা মেলার আয়োজন করা যেতে পারে।

সিদ্ধান্ত : উপস্থিত সদস্য বৃন্দ মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রস্তাবে সম্মতি প্রকাশ করেন। সদস্য বৃন্দ প্রস্তাব বাস্তবায়নে উপজেলা পরিষদের অর্থায়নে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির খ্যাত থেকে পিঠা উৎসব ও পিঠা মেলার আয়োজনের প্রস্তাবের একান্ততা প্রকাশ করেন। সদস্য বৃন্দ প্রস্তাব বাস্তবায়নে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছা:হাসিনা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং: উমাশিঅ/বানি- ১০০৬

তারিখ: ১০/০১/২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বানিয়াচং
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, হবিগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ
- ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং

(মো: কাওছার শোকরানা)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।





পরিসিষ্ট "ক"

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতির স্বাক্ষর বিবরণীঃ

সভার স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়

বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ- ৩০/৩/২০২২

ক্রমিক নং	নাম	অফিসিয়াল পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোছা: হাসিনা আক্তার	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	
০২	মো: ওয়ারিশ উদ্দিন খান	চেয়ারম্যান, ২নং বানিয়াচং উত্তর-পশ্চিম ইউপি	সদস্য	
০৩	মো: আনোয়ার হোসেন	চেয়ারম্যান, ৯নং পুকড়া ইউপি	সদস্য	
০৪	মো: লুৎফর রহমান	চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি	সদস্য	
০৫	মো: কাওছার শোকরানা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব	